



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২২৪০

তারিখঃ ২৮/১২/২০১৫ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬২ তম কমিশন সভা অদ্য ২৮/১২/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :


১. কমিশন Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর খসড়া এর উপর জনমত জরিপে প্রাপ্ত মতামত/পরামর্শ পর্যালোচনা করে সংশোধন/পরিবর্তন/পরিমার্জনপূর্বক Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা অতি শীঘ্রই বাংলাদেশ গেজেট -এ প্রকাশ করা হবে।
২. IFIC Bank Limited এর ৩৫০ কোটি টাকার Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Coupon Bearing Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে যা ব্যাংকসমূহ, আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিগণের (high net worth individuals) মধ্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, IFIC Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ Basel III guidelines অনুযায়ী তাদের মূলধন ভিত্তি শক্তিশালী (Capital Base strengthen) করার কাজে ব্যবহার করবে। IFIC Bank Limited Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং কুপন রেট ১০-১২%। উক্ত বন্ডটির Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে BRAC EPL Investments Limited এবং Trust Bank Limited কাজ করছে।
৩. BSRM Steels Limited এর ২৪৫.০৫৯ কোটি টাকার Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৪ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Fully Redeemable, Zero Coupon Bond। বন্ডটি ০৪ বছরে Full Redemption হবে যা Corporates, Funds, Financial Institutions and High Net worth Individuals -কে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ডটি ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ BSRM Steels Limited তাদের তারল্য চাহিদা পূরণ (liquidity meet up) এবং বিদ্যুৎ প্রকল্পে বিনিয়োগ করবে। BSRM Steels Limited Zero Coupon Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা এবং ডিসকাউন্ট রেট ৯.৫%। উক্ত বন্ডটির Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে Standard Chartered Bank এবং Green Delta Insurance Co. Limited কাজ করছে।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

8. এছাড়াও The Dhaka Bank Limited এর ৩০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Floating Rated, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বডি এবং যে কোন যোগ্য ব্যক্তিরাই (any other eligible individuals) প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে এই বন্ড ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, The Dhaka Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Basel II এর শর্ত পূরণ করবে। The Dhaka Bank Limited Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং কুপন রেট ১০-১৩%। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে Standard Chartered Bank এবং Green Delta Insurance Co. Limited কাজ করেছে।


২৬/১২/২০১৫

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।